# ফিশারীজ অনুষদ

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

## জানুয়ারী-জুন ২০২৬ সেশনে এমএস (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিশারীজ অনুষদের অন্তর্গত ফিশারীজ বিভাগে ৪টি স্ট্রীমে (এমএস ইন ফিশারীজ বায়োলজি এন্ড জেনেটিক্স, এমএস ইন একুয়াকালচার, এমএস ইন ফিশারীজ ম্যানেজমেন্ট ও এমএস ইন ফিশারীজ টেকনোলজি) জানুয়ারী-জুন ২০২৬ সেশনে এমএস ১ম সেমিস্টারে শূণ্য আসনে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফর্ম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (https://www.ru.ac.bd/facultyfisheries) অথবা অনুষদীয় অফিস থেকে সংগ্রহ করা যাবে।

**যোগ্যতা:**

- রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/ইন্সটিটিউট থেকে চার বছর মেয়াদী বিএসসি ফিশারীজ (অনার্স) ডিগ্রী অর্জনকারী আবেদন করতে পারবে।
- আবেদনকারী প্রার্থীকে অনার্সে ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪ স্কেলে) থাকতে হবে।
- আবেদনকারী প্রার্থী অনার্স পাশের ২ বছরের মধ্যে আবেদন করতে পারবে।

**শর্তাবলী:**

- যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র **আগামী ০৭/০৯/২০২৬ তারিখ সোমবার বিকাল ৪ টার মধ্যে** অনুষদীয় কার্যালয়ে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে পরীক্ষায় অংশ নেয়ার জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত কপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফর্মের সঙ্গে সংযুক্ত করে জমা দিতে হবে।
- **০৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১০-১১ টা (১ ঘন্টা) ফিশারীজ অনুষদে অনুষ্ঠেয় লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।** বিএসসি ফিশারীজ (অনার্স) এর পাঠ্যক্রমের উপর ১০০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- **ভর্তি পরীক্ষায় পাশ করার জন্য ৪০% নম্বর পেতে হবে**। ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ফলাফল প্রকাশ করা হবে।
- **লিখিত পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদের ফলাফল ০৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ টায় প্রকাশ করা হবে।** ঐ দিনই সাক্ষাতকার গ্রহণ করা হবে। সাক্ষাতকারের সময় সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট ও অন্যান্য দলিলাদির মূল কপি সাথে নিয়ে আসতে হবে এবং প্রদর্শন করতে হবে।
- সাক্ষাতকার শেষে মেধাক্রমের ভিত্তিতে নির্ধারিত আসনে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির জন্য সুপারিশ করা হবে।
- আবেদনকারীদের নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা অনুষদ কর্তৃক সংরক্ষিত।

(প্রফেসর ড. মো. মোস্তাফিজুর রহমান মন্ডল)
সভাপতি
এমএস (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি উপ-কমিটি ২০২৫
ও
ডীন
ফিশারীজ অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়